

# হলে রাজনীতি বন্ধের দাবিতে রাতে উত্তপ্ত ঢাকা বিশ্ববিদ্যালয়



ছাত্রদলের হল কমিটি ঘোষণার প্রতিবাদে শুক্রবার মধ্যরাতে মিছিল নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান নিয়েছেন শিক্ষার্থীরা। কর্মসূচিতে বিভিন্ন  
হলের গেট ভেঙ্গে ছাত্রীরা অংশ নেন -সমকাল

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ০৯ আগস্ট ২০২৫ | ০২:২৭

(-) (অ) (+)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে ছাত্রদলের কমিটি ঘোষণার পর বিভিন্ন হলের শিক্ষার্থীরা বিক্ষোভ করেছেন। শুক্রবার রাত  
১২টার পর হলগুলোতে ছাত্র সংগঠনগুলোর রাজনৈতিক তৎপরতার বিরুদ্ধে বিক্ষোভ শুরু হয়। তারা ‘হল পলিটিকসের  
ঠিকানা/এই ক্যাম্পাসে হবে না’, ‘আরু সাইদ, মুফ্ফ/শেষ হয়নি যুদ্ধ’ ইত্যাদি স্লোগান দেন।

গতকাল রাত সাড়ে ১২টার দিকে মুহসীন হল থেকে মিছিল নিয়ে মাস্টার দা সূর্য সেন হল হয়ে ক্যাম্পাস ঘুরে রাজু ভাস্কর্যে যান তারা। এর মধ্যে রোকেয়া এবং শামসুন নাহার হলের ছাত্রীরা গেট ভেঙে মিছিলে যোগ দেন। এরপর সবাই মিলে উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান নেন। কর্মসূচিতে রোকেয়া হলের ছাত্রী আছিয়া রেমিজা বলেন, হল প্রশাসনকে বলেছি ব্যবস্থা নিতে। এই কাজ তারা পারবেন না। সেজন্য উপাচার্যের কাছে এসেছি।

এর আগে রোকেয়া হলের শিক্ষার্থীরা প্রাধ্যক্ষকে স্মারকলিপি দিয়ে চারটি দাবি জানান। এর মধ্যে রয়েছে- ১. হলকে প্রকাশ্য ও গুণ্ঠ সব ধরনের ছাত্র রাজনীতি থেকে সম্পূর্ণভাবে মুক্ত ঘোষণা করা, ২. ছাত্রদল, বাগচাস, শিবির, ছাত্রী সংস্থা, ছাত্রলীগসহ (নিষিদ্ধ) কোনো সংগঠন কমিটি দিলে যথাযথ ব্যবস্থা নেওয়া, ৩. ১৭ জুলাইয়ের স্মারকলিপিতে স্মারক নম্বর বসিয়ে আইনি ভিত্তি রচনা করা এবং ৪. প্রভোষ্ট, হাউস টিউটর, কর্মচারীসহ হল কর্তৃপক্ষ কোনো নির্দিষ্ট রাজনৈতিক ছাত্র সংগঠনকে সহযোগিতা করলে পদত্যাগে বাধ্য করা।

এর আগে গতকাল সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৮টি হলের নতুন আন্তর্বায়ক কমিটি ঘোষণা করে জাতীয়তাবাদী ছাত্রদল।